

জকসু: ছাত্রশক্তির 'ঐক্যবন্ধ জীবিয়ান' প্যানেল ঘোষণা

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: মঙ্গলবার, ১৮ নভেম্বর ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (জকসু) নির্বাচনকে সামনে রেখে শাখা ছাত্রশক্তির সমর্থনে 'ঐক্যবন্ধ জীবিয়ান' নামে ২০ সদস্যের একটি প্যানেল ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় ছাত্রশক্তির সভাপতি জাহিদ আহসান এই প্যানেল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। তবে এই প্যানেলে মুক্তিযুদ্ধ ও গণতন্ত্র সম্পাদক পদে কোনো প্রার্থী দেওয়া হয়নি।

ঘোষিত প্যানেলে সহ-সভাপতি (ভিপি) প্রার্থী জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় কমিটির যুগ্ম সদস্য সচিব কিশোর আনজুম সাম্য, সাধারণ সম্পাদক (জিএস) পদে মনোনীত হয়েছেন শাখা ছাত্রশক্তির আহবায়ক ফয়সাল

মুরাদ এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে লড়বেন শাখা ছাত্রশক্তির সদস্য সচিব শাহীন মিয়া।

শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে মেহেরুন নেসা হিমু, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে মো. ইমরান হোসেন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে তারেক সাদিক, আইন ও মানবাধিকার সম্পাদক পদে লড়বেন জিহাদ।

আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে শাহীনুর, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক পদে মো. রাতুল হাসান, ক্রীড়া সম্পাদক পদে ফেরদৌস সোহান, পরিবহন সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন মুশফিক, সমাজসেবা ও শিক্ষার্থীকল্যাণ সম্পাদক পদে ফেরদৌস শেখ, পাঠাগার ও সেমিনার সম্পাদক পদে লড়বেন আমিনুল ইসলাম।

প্যানেলের নির্বাহী সদস্য পদে নির্বাচন করবেন কামরুল হাসান রিয়াজ, সাজ্জাদ হোসেন, হাসান মাহমুদ সাকিব, অর্ণা, জাবির খান, সজীব মৃধা এবং জিয়ারুল।